

কিভাবে একটি স্বাস্থ্য ও নিরাপত্তা পলিসি সংকলিত করতে হবে সে সম্পর্কে আপনার নিকট তথ্য আছে কি?

**(Do you have any information on how to compile a health and safety policy?)**

আইন অনুসারে (Health and Safety at Work etc Act 1974 section 2(3)) আপনি যদি পাঁচ বা তার বেশী মনুষ্য নিযুক্ত করেন তাহলে অবশ্যই আপনার একটি লিখিত স্বাস্থ্য ও নিরাপত্তা পলিসি থাকতে হবে। এতে থাকবে কাজের ক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে সাধারণ নীতি সম্পর্কিত আপনার ঘোষণা, এবং ঐ নীতি বাস্তবায়নের জন্য স্থাপিত সাংগঠনিক কাঠামো ও ব্যবস্থা।

এইচএসই নিম্নলিখিত ফ্রি তথ্যপত্র প্রস্তুত করেছেঃ

- Stating your business: Guidance on preparing a health and safety policy document for small firms - ফ্রি তথ্যপত্র (লিফলেট)

এই দলিলে Health and Safety at Work Act 1974 অনুযায়ী আপনার আইনগত দায়িত্বের ভিত্তিতে সাধারণ নীতি বিষয়ক ঘোষণা অন্তর্ভুক্ত আছে। এছাড়া এতে বিভিন্ন অধ্যায় আছে যাতে আপনার কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিতকল্পে আপনার সাংগঠনিক দায়দায়িত্ব ও প্রস্তুতি লিপিবদ্ধ করতে হবে। এতে আরো তথ্যের জন্য টীকা ও সূত্র দেয়া হয়েছে। আপনার নিজ পলিসি প্রণয়নের জন্য এটিকে একটা নির্ধারিত ফর্মা হিসাবে ব্যবহার করতে পারেন।

১. এই তথ্যপত্রে (লিফলেট) আপনার বিবৃতি/ ঘোষণায় অন্তর্ভুক্ত করার জন্য নিম্নলিখিত বিষয় সম্পর্কে রূপরেখা দেয়া হয়েছে।
২. স্বাস্থ্য ও নিরাপত্তা পলিসি সংক্রান্ত বিবৃতি- সাধারণ পলিসি সংক্রান্ত বিবৃতি, স্বাক্ষরিত ও তারিখসহ
৩. দায়িত্বসমূহ - সার্বিক, দৈনন্দিন, নির্দিষ্ট বিভিন্ন বিষয়ে
৪. স্বাস্থ্য ও নিরাপত্তার ঝুঁকি - সেগুলো কি কি, তা দূর করতে/ নিয়ন্ত্রণ করতে কি করা প্রয়োজন, কে দায়ী, পূর্ণঃ পর্যালোচনার সময়
৫. কর্মীদের সাথে আলোচনা - কারা কর্মচারীদের প্রতিনিধি, কে পরামর্শ দেবে
৬. নিরাপদ কারখানা ও যন্ত্রপাতি - কখন রক্ষণাবেক্ষণ প্রয়োজন তা চিহ্নিত করার দায়িত্ব কার, কে রক্ষণাবেক্ষণ পদ্ধতি তৈরী করবে, সমস্যাগুলো কার কাছে রিপোর্ট করা হবে, নতুন যন্ত্রপাতি কে কিনবে
৭. নিরাপদ পরিচালনা ও দ্রব্যাদির ব্যবহার - বিপদজনক দ্রব্যাদি কে সনাক্ত করবে, কার দায়িত্ব COSHH মূল্যায়নের, কর্মীদের অবহিত করার, মূল্যায়নের পর্যালোচনা করার।
৮. তথ্য, নির্দেশনা ও তত্ত্বাবধান - Health and Safety Law পোস্টার প্রদর্শিত, বা এধরণের লিফলেট কে ইস্যু করবে, কে নতুন নিযুক্ত ও তরুণ কর্মীদের ট্রেনিং ও তত্ত্বাবধান করবে।
৯. দায়িত্ব ও ট্রেনিং প্রদানের যোগ্যতা - কে প্রথম প্রবেশকালীন ট্রেনিং, কাজনির্ভর ট্রেনিং, ট্রেনিং এর বিবরণ লিপিবদ্ধ করবে
১০. দুর্ঘটনা, প্রাথমিক চিকিৎসা ও কাজ সম্পর্কিত অসুস্থতা - কে স্বাস্থ্যবিষয়ক নজরদারীর আবশ্যিকতা আরোপ করবে, আয়োজন করবে ও রেকর্ড রাখবে, কোথায় প্রাথমিক চিকিৎসা

সরঞ্জামাদি সংরক্ষণ করা হবে, কে নিযুক্ত ব্যক্তি/ প্রাথমিক চিকিৎসা দানকারী, কে বিবরণ লিপিবদ্ধ রাখবে, কে RIDDOR এর আওতাধীনে রিপোর্ট করবে

১১. পরিবীক্ষণ - কে কাজের স্থানের অবস্থা ও নিরাপদ কর্ম অভ্যাস এর ওপর দৃষ্টি রাখবে, কে দুর্ঘটনা ও কাজের সাথে সম্পর্কিত অসুস্থতার তদন্ত করবে
১২. জরুরী অবস্থায় করণীয় বিষয়াদি - কে প্রথম ঝুঁকি নিরূপণ করবে, কত ঘনঘন নিম্নলিখিত বিষয়গুলো পরীক্ষা করা হয়ঃ দ্রুত স্থানত্যাগের পথ, আগুন নির্বাণী সরঞ্জাম, এলার্ম, মানুষদের অপসারণ পদ্ধতি।

পলিসি বিবৃতি অভিজ্ঞতার আলোকে পর্যালোচনা ও সম্ভব হলে সংশোধন করা উচিত, অথবা পরিচালনাগত বা সাংগঠনিক পরিবর্তনের ফলে নিয়মিত (যেমন, বাৎসরিক) ভাবে তা করা উচিত